

পুনর্বিবেচনার আবেদন নং-০২১/২০২৬

বিষয়: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গলাচিপা, পটুয়াখালী কর্তৃক আহ্বানকৃত "Supply of Medicine (Non-EDCL)" শীর্ষক ক্রয় কার্যক্রমে সংঘটিত অনিয়মের প্রতিকার চেয়ে পিপিআর, ২০২৫-এর বিধি-৭২ অনুযায়ী রিভিউ প্যানেলে আপিল দায়ের।

অভিযোগকারী/বাদী: জনাব মোঃ মোহাম্মদ কুদ্দুসুর রহমান, মালিক, মেসার্স গ্রিন ট্রেডার্স, পল্লবী আবাসিক এলাকা, লতিফ স্কুল রোড, পটুয়াখালী।

বনাম

বিবাদী:

- ১) ডা. মোঃ মেছবাহ উদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ক্রয়কারী), গলাচিপা, পটুয়াখালী।
- ২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ভবন, মহাখালী, ঢাকা-১২১২।
- ৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

৫.০ আদেশ:

বাদী ও বিবাদী পক্ষের বক্তব্য, উত্থাপিত রেকর্ড পত্র এবং রিভিউ প্যানেলের পর্যবেক্ষণের ভিত্তিতে সর্বসম্মতভাবে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলো:

- ৫.১ মেসার্স গ্রিন ট্রেডার্স কর্তৃক দাখিলকৃত আপিলটি পর্যালোচনায় গ্রহণযোগ্য কোনো উপাদান বা ভিত্তি না পাওয়ায় তা খারিজ করা হলো;
- ৫.২ পণ্য সরবরাহ সংক্রান্ত সুনির্দিষ্ট অভিজ্ঞতা (Specific Experience) নির্ধারণের ক্ষেত্রে ক্রয়কারী কর্তৃক দরপত্র দিলে TDS অংশে প্রদত্ত নোট অনুসরণ করা বাঞ্ছনীয়;
- ৫.৩ যেহেতু এখনও পর্যন্ত সকল লাইসেন্স প্রদানকারী প্রতিষ্ঠান প্রযুক্তিগতভাবে e-Trade License ইস্যু করার সক্ষমতা অর্জন করেনি, সেহেতু শুধুমাত্র Trade License-এর ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করাই যুক্তিসংগত ও বাঞ্ছনীয় হবে; এবং
- ৫.৪ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি বাদীর নিরাপত্তা জামানত ফেরত প্রদান করবে।

(আব্দুল হক)  
সদস্য

রিভিউ প্যানেল- ২

(মোছাঃ লুৎফা বেগম)  
সদস্য

রিভিউ প্যানেল- ২

(প্রকৌঃ শেখ নজরুল ইসলাম)  
চেয়ারপারসন  
রিভিউ প্যানেল- ২